

# আলতাফ মাহমুদ শুধু সুরকার নন বড় মাপের দেশপ্রেমিক ছিলেন

নিজস্ব প্রতিবেদক

শহীদ শিল্পী আলতাফ মাহমুদকে এ প্রজন্ম কতখানি চেনে? কতখানি চিনত যদি ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো...’ গানটির সুরকার তিনি না হতেন? বড় মাপের এই মানুষটির পরিচয় তো শুধু গানের শিল্পী হিসেবেই নয়, তিনি আরো অনেক কিছু। খুব ভালো বেহালা বাজাতে পারতেন, বাঁশী বাজাতে পারতেন, সংগঠক ছিলেন, একটি নির্দিষ্ট রাজনৈতিক আদর্শ বহন করতেন। এই দুঃসময়ে এ কথাটি বলা বোধহয় অন্যায় হবে না, তাঁর মধ্যে দুর্লভতম বড় গুণটি ছিল তিনি একজন বড় মাপের দেশপ্রেমিক ছিলেন। গতকাল মঙ্গলবার এক স্মরণসভায় বক্তারা এভাবেই চিত্রিত করেন শহীদ আলতাফ মাহমুদকে।

শিল্পী নীলুফার ইয়াসমিন বক্তা নন, তারপরও আলতাফ মাহমুদ সম্পর্কে বলতে এসে প্রাণের আবেগ মিশিয়ে তিনি বললেন, ‘দেশের মুক্তিযুদ্ধে কাদের অবদান রয়েছে সে সম্পর্কে জানতে হলে, শিল্পী আলতাফ মাহমুদ সম্পর্কে জানতে হলে, ছোট মঞ্চে নয়, অনুষ্ঠান করা দরকার উন্মুক্ত স্থানে, যেন পথচারীরাও তাঁর নামটি শোনেন, নতুনরা তাঁর সম্পর্কে জানেন।’

গতকাল মঙ্গলবার শিল্পকলা একাডেমীর সভাকক্ষে একাডেমীর মহাপরিচালক আবদুল্লাহ আল মামুনের সভাপতিত্বে আলতাফ মাহমুদ স্মরণে আয়োজিত আলোচনা ও সঙ্গীতানুষ্ঠানে আরো বক্তব্য রাখেন সাংবাদিক কামাল লোহানী এবং শিল্পীর ঘনিষ্ঠ বন্ধু রমিজুল হক চুলু। অনুষ্ঠান পরিচালনা করেন আবৃত্তিশিল্পী রূপা চক্রবর্তী। শিল্পীর ছোটবেলার বন্ধু রমিজুল হক আলতাফ মাহমুদের শৈশব-কেশোরের দুরন্তপনাসহ যৌবনে শিল্পীর বিকাশ, বাজনার নানা শাখায় বিচরণ, সাধনাসহ সম্পর্কে নানা প্রসঙ্গে বক্তব্য রাখেন। তিনি বলেন, ‘আলতাফ মাহমুদ জন্মগতভাবেই দ্রোহী।’ পরে তিনি এই দীর্ঘশ্বাস ফেলেন, ‘আলতাফ মাহমুদ প্রসঙ্গে কথা বলতে বা স্মৃতিচারণ করতে পারার মতো তেমন কেউ আর বেঁচে নেই।’ তার কাছ থেকেই জানা যায়, আলতাফ মাহমুদ ছায়াছবিতেই ১২৯টি গানে সুর করেছেন। এর বাইরে আরো তো আছেই।

আলতাফ মাহমুদের সৃজনশীলতার বেশ কিছু উদাহরণ বিস্তারিত উল্লেখ করেন সাংবাদিক কামাল লোহানী। তার বক্তব্যে প্রথর সময়সচেতন একজন আলতাফ মাহমুদকে পাই, যিনি বিভিন্ন অনুষ্ঠান বা রিহাৰ্সাল জেদ করে ত্যাগ করেছেন শুধু সময় ঠিক না রাখার কারণে। তিনি আলতাফ মাহমুদের দেশপ্রেম এবং শিল্পের অন্যান্য শাখায় সার্থক বিচরণ সম্পর্কে বক্তব্য রাখেন। ‘৭১-এর মুক্তিযুদ্ধে এই মানুষটির মৃত্যুবরণ সম্পর্কে বলেন, ‘আলতাফ মাহমুদ প্রাণ দিয়ে আমাদের জীবিত রেখে গেছেন, তার গাওয়া ‘ঘুমের দেশে ঘুম ভাঙতে ঘুমিয়ে গেছে যারা..’ গানটির মতোই।’